তারিখ .. 01 MAR. 2017 ...
পৃষ্ঠা ৩২ ... কলাম .... 2 ......

# শিক্ষা সচিবসহ ৬ জনের বিরুদ্ধে আদালত অবমাননার রুল

নিজস্ব প্রতিবেদক ●

আদালত অবমাননার দায়ে শিক্ষা সচিবসহ ছয়জনকে কেন দোষী সাব্যস্ত করা হবে না– তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে তাদের রুলের জবাব দিতে বলা হয়েছে। বিচারপতি মো. আশফাকুল ইসলাম ও বিচারপতি আশীষ রঞ্জন দাসের হাইকোর্ট বেঞ্চ গতকাল মঙ্গলবার এ রুল জারি করেন।

অভিযুক্ত বাকি পাঁচজন হলেন শিক্ষামন্ত্রীর ব্যক্তিগত সচিব নাজমুল হাসান খান, ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মাহবুবুর রহমান, ভিকারুন নিসা নূন স্কুল অ্যান্ড কলেজের অধ্যক্ষ সুফিয়া খাতুন, অ্যাডহক কমিটির সদস্য এনামুল হক আবুল ও অপারেষ চন্দ্র সাহা।

আদালতের আদেশে নির্দিষ্ট সময়সূচি অনুযায়ী ভিকারুন নিসা নূন স্কুলের অ্যাডহক কমিটির নির্বাচন না করায় ও আদালতের রায় অনুযায়ী বেসরকারি স্কুলের কমিটি গঠনে আইন তৈরি না করায় এ রুল জারি করা হয়েছে।